

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৮০

আগরতলা, ১৫ মার্চ, ২০২৫

উত্তর পূর্ব ভারতে বিনিয়োগের প্রচারে  
মুখ্যমন্ত্রীর নেতৃত্বে উচ্চস্তরীয় টাঙ্ক ফোর্স গঠন

উত্তর পূর্ব ভারতে বিনিয়োগের প্রচারের লক্ষ্যে উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রকের একটি উচ্চস্তরীয় টাঙ্ক ফোর্স গঠন করা হয়েছে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা টাঙ্ক ফোর্সের আহ্বায়ক হিসেবে রয়েছেন। এই টাঙ্ক ফোর্সের অন্যান্য সদস্যদের মধ্যে রয়েছেন ডোনার মন্ত্রকের কেন্দ্রীয়মন্ত্রী সহ মেঘালয়, নাগাল্যান্ড ও সিকিম রাজ্যের মুখ্যমন্ত্রীগণ। এই টাঙ্ক ফোর্স আগামী ৬ মাসের মধ্যে উত্তর পূর্বাঞ্চলের বিনিয়োগের প্রচারের লক্ষ্যে একটি রোড ম্যাপ তৈরি করে সংশ্লিষ্ট মন্ত্রকের কাছে জমা দেবে। এই রোড ম্যাপের মধ্যে রয়েছে এই এলাকায় বিনিয়োগের পরিবেশ, পরিকাঠামো মূল্যায়ন, কৃষি, পর্যটন, লজিস্টিক্স, আইটি এবং পুনর্বিকরণযোগ্য শক্তির মতো ক্ষেত্রগুলির জন্য উত্তর পূর্বাঞ্চলকে পছন্দের বিনিয়োগের গন্তব্য হিসেবে স্থাপন করার কৌশল। এছাড়াও কৃষি প্রক্রিয়াকরণ অঞ্চল, পর্যটন সার্কিট, আইটি পার্ক, পুনর্বিকরণযোগ্য শক্তি করিডোর তৈরি করা, পিপিপি মডেলের উপর জোর দিয়ে অগ্রাধিকারমূলক ক্ষেত্রগুলিতে দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিনিয়োগ আকর্ষণ কৌশল এবং সংশ্লিষ্ট এলাকায় বিনিয়োগ বৃদ্ধিতে নীতি সংস্কারের সুপারিশ, সেন্ট্রাল গ্রেট প্ল্যান বাস্তবায়নের মতো পদক্ষেপ এই রোড ম্যাপে থাকবে। উল্লেখ্য, ২১ ডিসেম্বর, ২০২৪ সালে আগরতলায় অনুষ্ঠিত উত্তর পূর্বাঞ্চল পর্যবেক্ষণের ৭২তম প্লেনারি বৈঠকে এই উচ্চস্তরীয় টাঙ্ক ফোর্স গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল।

\*\*\*\*\*